# এপ্রিল ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৮.০৪.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

মার্চ ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় মার্চ ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে মার্চ ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বিভাগীয় আলোচনা</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, বোরো প্রধান ফসল। মাঠের অবস্থা ভাল। এখনকার বৃষ্টি ফসলের জন্য উপকার। ৮০% ধান পেকেছে। এখন দ্রুত ধান কাটার জন্য অনুরোধ করেন। বর্তমানে পাটের আবাদ কমে গেছে। খরার কারণে জাগ দেয়া সমস্যা মূলতঃ সেকারণেই পাটের আবাদ কমে গেছে। ২০০ হেক্টর লক্ষ্যমাত্রা ধরা হলেও মাত্র ৭৫ হেক্টর জমিতে পাঠ আবাদ হয়েছে। নতুন পদ্ধতিতে জাগ দেয়ার বিষয়টি তিনি জানালেন। গমের আবাদও কম। খুব অর্ফ সময়ে গম উঠছে। কৃষক ভাল দাম পাচ্ছে। সেচেরও কোন ঝামেলা নেই গম আবাদে। এবার ব্লাস্ট চোখে পড়েনি তবে মাজরা পোকা দেখা যাচ্ছে। স্প্রে করতে ৫০০/৬০০ টাকা খরচ হবে। তবে স্প্রে না করলেও চলবে। আবহাওয়াজনীত কারণে ব্লাস্ট হতে পারে। সেকারণে তিনি ভার মানের কিটনাশক ব্যবহারের পরামর্শ দেন। সেচ বিষয়ে কৃষি ভিাগ নজর রাখছে। কোথাও কোথাও ৩৬০০/- টাকার স্থলে ৪২০০ টাকা নিচ্ছে। ৬০০/- টাকা বেশী খরচ হচ্ছে। এ উপজেলায় রবি ২০২৪-২০২৫ অর্থবছরে বোরো ধান আবাদ হয়েছে ১৫২৫৮ হেক্টর। ১৪ হেক্টর জমির ধান কর্তণ করা হয়েছে। আশা করা যায় বোরো ধান লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। এ অর্থ বছরে শাকসবজির লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১২৮০ হেক্টর অর্জিত হয়েছে ১২৭০ হেক্টর। ফলনের পরিমান ২৯৯০৮ মেঃটন। এছাড়াও গমের আবাদ হয়েছিল ৮৫ কর্তণ করা হয়েছে ৮৫ হেক্টর উৎপাদন হয়েছে ৩১০ মেঃটন। ভূট্টার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭২০ অর্জিত হয়েছে ১২৭৫। তিনি সভায় আরও জানান যে, খরিপ-১/২০২৪-২০২৫ অর্থ বছরে আউশ প্রণোদনা ৪০০ জন, পাট প্রণোদনা ৩০ জন এবং মুগ ডাল প্রণোদনা ২০ জন ও গ্রীষ্মকালীন পেঁয়াজ ৪০ জনের মধ্যে বিতরণ করা হয়েছে।<br>খরিপ-১/২০২৪-২০২৫ অর্থ বছরে আউশ ফসলের লক্ষ্যমাত্র ধরা হয়েছে ২৫৪ হেক্টর এবং অর্জন হয়েছে ১২০ হেক্টর, শাকসবজি আবাদ হয়েছে ৫৭০ হেক্টর, পাট ১৫৫ হেক্টর, মুগডাল ৪ হেক্টর, গ্রীষ্মকালীন ভূট্টা ফসলের লক্ষ্যমাত্র ধরা হয়েছে ৫৬ হেক্টর এবং অর্জন হয়েছে ৭১ হেক্টর, মিস্টি আলু ফসলের লক্ষ্যমাত্র ধরা হয়েছে ৪ হেক্টর এবং অর্জন হয়েছে ২ হেক্টর এবং সূর্যমুখী ফসলের লক্ষ্যমাত্র ধরা হয়েছে ১৭ হেক্টর এবং অর্জন হয়েছে ৪ হেক্টর। এখন পর্যন্ত মাঠে ফসলের অবস্থা ভাল আছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৬</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৭</u><br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এলার্জির প্রকোপ বেড়েছে। এটি গবেষণার পর্যায়ে আছে। টিকা সরকারিভাবে আসেনি তবে বে-সরকারিভাবে পাওয়া যাচ্ছে। এ পর্যায়ে এপ্রিল ২০২৫ মাসের তথ্য উপস্থাপন করা হয়। ১৬৩৫টি গবাদি প্রাণির এবং ৭১৯৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে ১২০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । কৃত্রিম প্রজনন ৫৮২ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫৫টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৬০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৫০০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি হয়েছে। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে <u>মোট ৩ মাসের টিকা প্রাপ্তিঃ জানুয়ারি ২০২৫ মাসে</u> (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-৪০০ মাত্রা, (৩) গলাফুলা-৪০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৪০০০০ মাত্রা, (৫) আরডিবি-১০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-৫০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-০০ মাত্রা, (৮) গট পক্স-৫০০ মাত্রা, (৯) গামবোরো-৭০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-১০০০০ মাত্রা, (১১) ক্ষুরা-৪০০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-৫০০ মাত্রা। সর্বমোট=১২০৭০০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিল প্রস্তুক করা হয়েছে। আগামী সপ্তাহে পোনা ছাড়া হবে। জাটকা সংরক্ষণ সপ্তাহ শেষ হলো। ১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা/ইলিশ ধরা, ক্রয়, বিক্রয় বন্ধ থাকবে। অভয়ারণ্যে লাল পতাকা দেয়া হয়েছে তবুও দিনের বেলা মাছ ধরে নিয়ে যাচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার,বিরামপুর বলেন যে, দুষ্কৃতিকারীরা রাতের বেলাও মাছ মেরে নিয়ে যাচ্ছে। এ বিষয়ে সচেতন থাকতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কাল বৈশাখী ঝড়ের সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ দেয়া সম্ভব হচ্ছে না। বিদ্যুৎ লাইনের গাছ কাটার কাজ চলছে। কোন কোন স্থানে গাছ কাটতে গিয়ে ঝামেলা হচ্ছে। তিনি জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামন্য করেন। তিনি আরও বলেন যে, বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। জুন/২৫ মাসের মধ্যে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। বকেয়া বিদ্যুৎ বিলের তালিকা ইতোমধ্যে দিয়েছেন মর্মে উল্লেখ করে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের সার্বিক সহযোগিতা কামনা করেন। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে আলাদা আলাদা পত্র প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর পরামর্শ প্রদান করেন। সেইসাথে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে বিদ্যৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ বলেন যে, গাছ কর্তণের সময় না জানিয়ে সামাজিক বনায়নের গাছ কর্তণ করার ফলে উপকারভোগীদের সাথে সমস্যার সৃষ্টি হয়। সড়ক ও বন বিভাগের সমঝোতা স্মারকের মাধমে সামাজিক বনায়ন করা হয়েছে। তিনি পূর্বেই জানানোর জন্য অনুরোধ করেন।<br>বন বিভাগের এ বক্তব্যের পরিপ্রেক্ষিতে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি জানান যে, সময় স্বল্পতার কারণে জানানো সম্ভ হয়নি। উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি আশ্বস্থ করেন। তিনি আরও জানান যে, আবাসিক সংযোগের জন্য Oline-এ আবেদন করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, তিনি আরো জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় প্রথম ও দ্বিতীয় কিস্তিতে (১৯.৫০X২) = ৩৯.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তৃতীয় ও চতুর্থ কিস্তিতে সম্ভাব্য মোট (১৯.৫০X২) = ৩৯.০০ লক্ষ টাকা বরাদ্দ ধরে সর্বমোট ৭৮.০০ লক্ষ টাকা এবং রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের আওতায় স্থানান্তরিত মোট = ২৯,৪৪,৮৫৭.০০ টাকার বিভাজনসহ গৃহিত প্রকল্পের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় উপস্থাপন করা হয়। এটি পরিশিষ্ট: "গ" তে দেখানো হলো। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর</td>
<td>
বিভাজন
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>খাতের বিবরণ</th><th>শতকরা হার</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td></td><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)</td><td>(১৯,৫০,০০০ X ৪)</td><td>৭৮,০০,০০০.০০</td></tr>
<tr><td>০১</td><td>আনুষাঙ্গিক ও তদারকি</td><td>১.৫%</td><td>১,১৭,০০০.০০</td></tr>
<tr><td></td><td></td><td>মোট =</td><td>৭৬,৮৩,০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>নারী উন্নয়ন ফোরাম</td><td>৩%</td><td>২,৩০,৪৯০.০০</td></tr>
<tr><td></td><td></td><td>মোট =</td><td>৭৪,৫২,৫১০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>পিআইসি</td><td>৩০%</td><td>২২,৩৫,৭৫৩.০০</td></tr>
<tr><td>০৪</td><td>দরপত্র</td><td>৭০%</td><td>৫২,১৬,৭৫৭.০০</td></tr>
<tr><td></td><td></td><td>সর্বমোট =</td><td>৭৮,০০,০০০.০০</td></tr>
<tr><td></td><td></td><td>রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন)</td><td>২৯,৪৪,৮৫৭.২৯</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>০১</td><td>আনুষাঙ্গিক ও তদারকি</td><td>১.৫%</td><td>৪৪,১৭৩.০০</td></tr>
<tr><td></td><td></td><td>মোট =</td><td>২৯,০০,৬৮৪.০০</td></tr>
<tr><td>০২</td><td>নারী উন্নয়ন ফোরাম</td><td>৩%</td><td>৮৭,০২১.০০</td></tr>
<tr><td></td><td></td><td>মোট =</td><td>২৮,১৩,৬৬৩.০০</td></tr>
<tr><td>০৩</td><td>পিআইসি</td><td>৩০%</td><td>৮,৪৪,০৯৯.০০</td></tr>
<tr><td>০৪</td><td>দরপত্র</td><td>৭০%</td><td>১৯,৬৯,৫৬৪.২৯</td></tr>
<tr><td></td><td></td><td>সর্বমোট =</td><td>২৯,৪৪,৮৫৭.২৯</td></tr>
</table>
সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা, মহোদয়ের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২৩(অংশ-১)-৮৪২; তারিখ: ২১/০৪/২০২৫ ইং মোতাবেক দিনাজপুর জেলার বিরামপুর উপজেলার অধীনে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের আওতায় উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য ৫৩ (তিপ্পান্ন) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রকল্প বাস্তবায়ন সাইটে বৈদ্যুতিক পোল রয়েছে তা অপসারণ পূর্বক দরপত্র আহব্বান এবং উক্ত প্রকল্পটিএলটিএম পদ্ধতির মাধ্যমে দরপত্র আহ্বান করা হবে। কিন্তু মূল প্রাক্কলনে সেফটিক ট্যাংক, সোক ওয়েল, টয়লেটের দরোজা ইত্যাদিসহ আরো অনেক গুরুত্বপূর্ণ আইটেম অন্তর্ভুক্ত না থাকায় ৫% নিম্নদরের সাশ্রয়কৃত ২,৬৫,০০০.০০ টাকা দিয়ে উক্ত কাজসমূহ RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব পেশ করেন।<br>
উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, মাঠ পর্যায়ে কাজ করতে সমস্যা হচ্ছে। তিনি আরও জানান যে, কাদিপুরে প্যালাসাইডিং এর কাজ ৭৫ মিটারের স্থলে ৭২ মিটার করা হচ্ছে। চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ সিসি ঢালাই নিয়ে আপত্তি উত্থাপন করেন। তিনি জানান ৪ ইঞ্চি ঢালাই দেয়া হচ্ছে।<br>
চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কুন্দন রাস্তার কাজের জন্য অনেক আগে টেন্ডার হলেও এখন পর্যন্ত কাজ শুরু হয়নি। এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী, বিরামপুর জানান যে, ঠিকাদার হারুন প্রায় ১ বছর ধরে তালবাহানা করছেন। বেইলী ব্রীজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এখন পর্যন্ত কোন নির্দেশনা পাওয়া যায়নি।<br>
এ পর্যায়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর বলেন যে, মোন্নাপাড়া ব্রীজে সিঁড়ি করার জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) বরাদ্দ থেকে বরাদ্দ দেয়া যাবে কি-না? অভয়ারণ্যের মাছ ধরে বিক্রয় করছে। পাহারার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।
</td>
<td>২. পিপিআর- ২০০৮ ও ২০০৬ মোতাবেক অত্র উপজেলায় পাবলিক লাইব্রেরী নির্মাণ কাজ দরপত্র আহব্বান পূর্বক বাস্তবায়ন করার জন্য এবং ৫% নিম্নদর এর সাশ্রয়কৃত আরএফকিউ এর মাধ্যমে উক্ত কাজগুলো (যা মূল প্রাক্কলনে নাই) বাস্তবায়ন করার জন্য ৫% নিম্নদর এর সাশ্রয়কৃত আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।</td>
<td></td>
</tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা করে বলেন যে, ভাইগড়, দাউদপুর, কসবা সাগড়পুর ও জোতবিশু সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার রাস্তার ব্রীজটি ভেঙ্গে গেছে এবং লাল ফ্লাগ দিয়ে জনসাধারণকে সতর্ক করা হয়েছে। ভেঙ্গে যাওয়া ব্রীজটি মেরামত/সংস্কারে তেমন কোন উদ্যোগ দৃষ্টিগোচর হচ্ছে না। কোমলমতি শিশুদের কথা বিবেচনায় এ ব্রীজটি দ্রুত মেরামত/সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের বক্তব্যকে সমর্থন করে বলেন যে,জোতবিশু ব্রীজ ও রাস্তা করতে হবে।<br>এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী সবাইকে অবহিত করে বলেন যে, বিজিবি ক্যাম্পের ৬টি রাস্তার সার্ভে শেষ হয়েছে প্রস্তাব পাঠানো হবে। কসবা সাগড়পুর ০.৫ কিঃমিঃ রাস্তা যেটি সীমান্তের গা ঘেষা সার্ভে করা হচ্ছে। তিনি আরও জানান যে, কাদিপুরে খাস জমি আছে। মূল্য নির্ধারিণ করে নিলামের মাধ্যমে গাছ বিক্রয় করতে হবে। আলোচনা করে করণীয় ঠিক করবেন। বেপারীটোলা রাস্তার কাজ চলছে। রাস্তাটি চলাচলের উপযোগী হয়েছে। ঠিকাদার কাজ অব্যাহত রেখেছেন। | | |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান, বিনাইল ইউপির সেচ বিষয়ক জিজ্ঞাসার জবাবে ৪২০০/- টাকা নয় ৩৬০০/- টাকা নির্ধারণ করার জন্য তিনি অনুরোধ জানান।যারা ৬০০/- টাকা বেশী নিচ্ছেন তাদের বিরুদ্ধে অভিযোগ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সেচ মালিক যারা বেশী নিচ্ছেন তাদের তালিকা দিবেন মর্মে চেয়ারম্যান, বিনাইল ইউপি সভায় জানান। সেচ মালিকদের সাথে এ বিষয়ে আলেচনা করা যেতে পারেও বলে তিনি প্রস্তাব | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ADP থেকে বিদ্যালয়মুখী রাস্তা মেরামত/সংস্কারে জন্য বরাদ্দ প্রদান করায় তিনি উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। জেলা প্রশাসক, দিনাজপুরের সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে বিদ্যালয়মুখী রাস্তাগুলোতে বরাদ্দ দেয়া হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভায় উল্লেখ করেন।।<br>তিনি আরও বলেন যে, শিক্ষার্থীদের সুবিধার্থে বিদ্যালয়ের মাঠগুলো এবং খাস জমির ডোবা ভরাট করা প্রয়োজন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৬টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা চলছে। অফিসারবৃন্দ অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করছেন। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ভিজিল্যান্স টিমের সদস্যদের বলেন যে, কক্ষ পরিদর্শকগণ যেন স্মার্ট ফোন নিয়ে কন্দ্রে না আসে সে বিষয়ে কড়া ব্যবস্থা নিতে হবে। উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ,বিরামপুর রিসেট কিভাবে করতে হবে সেবিষয়টি শিখানোর জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বয়স্ক ও বয়স্ক ভাতার উপকারভোগীদের আবেদন করার সময়সীমা শেষ হয়েছে। এ উপজেলায় ১০০% হওয়ায় আবেদন করলেও কোন বরাদ্দ পাওয়া যাবে না। প্রতিবন্ধী ভাতার জন্য যারা আবেদন করেছেন তাদের আবেদন যাচাই-বাছাই করতে হবে। পলিপ্রয়াগপুর ইউনিয়নের যাচাই-বাছাই আজ ২৮.০৪.২০২৫ তারিখ দুপুর ০২.০০ টায় অনুষ্ঠিত হবে। যারা মৃত্যুবরণ করেছেন তাদের স্থলে দ্রুত প্রতিস্থাপন করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার কম। ৯০% এর নীচে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সার্ভার থাকার কারণে আবেদন করা যাচ্ছে না। প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ভাতাভোগী মায়েদের ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর মাতৃত্বকালিন ছুটিতে আছেন। তার স্থলাভিষিক্ত করা হয়েছে কি-না তা জানা যায়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রশিক্ষণ চলছে। চেয়ারম্যানগণকে খোঁজখবর রাখার অনুরোধ জানান। কোন ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করলে মৃত্যু সনদ নিয়ে আবেদন করা হলে ঋণ মওকুফ করে দেয়া হয়। ঋণ-বিতরণ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। কাটলায় কার্যক্রম চলছে। পার্বতীপুর ল্যাম্প হাসপাতালে দাইনার্স ও মিডওয়াইফদের প্রশিক্ষণ দিবে। বিনাইল ইউনিয়নে নরমাল ডেলিভারীর জন্য পার্বতীপুর ল্যাম্প হাসপাতাল সার্বিক সহযোগিতা করবে মর্মে তিনি সবাইকে অবহিত করেন। সংস্কার কাজের জন্য ৫০,০০০/- টাকা বরাদ্দ পেলে কাজটি হবে। খানপুর কমিউনিটি ক্লিনিকে সংস্কার কাজ হবে। তদানক করার জন্য তিনি অনুরোধ করেন। কমিউনিটি ক্লিনিকে বখাটে ছেলেরা আয়াকে বিরক্ত করছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, পলিপ্রয়াগপুরে টিউবওয়েল দেয়া হবে। এ অর্থ বছরে টিউবওয়েল বরাদ্দ পাওয়া যায়নি। তালিকা চূড়ান্ত করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ৫০% অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। জুনের মধ্যে কাজ শেষ করতে হবে। কাটলা মসজিদের কাজ দ্রুত শেষ করতে হবে। মৌপুকুরের কাছে মন্দিরের পাশের রাস্তাটির কাজ ১০০% সম্পন্ন হয়েছে। ঢাকা তেকে টিম আসছে। তারা পরিদর্শন করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, অডিট কার্যক্রম শেষ হয়েছে। রাজস্ব আদায় করে জমা করা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রতিটি গাছের বিক্রয় মূল্য ৯/- দরে সরকারি চারা কিনে লাগানোর জন্য তিনি সভায় অনুরোধ করেন। ২০.০০০ হাজার বিভিন্ন প্রজাতির গাছ সরকারি নার্সারীতে আছে মর্মে তিনি উল্লেখ করেন। আগামী জুন ২০২৫ মাস থেকে কার্যক্রম শুরু হবে। দিওড় ইউনিয়নের মালিকানা নিশ্চিত করা হলে উপকারভোগীদের ন্যায্য হিস্যা দিতে পারবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নতুন ভোটার হচ্ছে। ১,২৩,০০০ স্মার্ট কার্ড বিতরণ হয়েছে। এখনও ১৩,০০০ স্মার্ট কার্ড বিতরণের অপেক্ষায় রয়েছে। সেইসাথে সংশোদনের কাজও চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | জনাব মোঃ শফিকুল ইসলাম, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে। তবে এখন প্রশিক্ষণ নেই। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের হার কম। কাটলায় মাঠকর্মী এসেছে। যোগাযোগ বাড়াবেন। ইউনিয়ন পর্যায়ে ঋণ গ্রহীতার তালিকা দিবেন। তবে জুন মাসে আদায়ের হার বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, ঋণ আদায় ও বিতরণ কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জনবলের ঘাটতি ছিল। এখন সমস্যা নেই। কাজ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, স্বাভাবিকভাবে চলছে তথ্যকেন্দ্রের কার্যক্রম। ২০২৪-২০২৫ অর্থ বছরে উঠান বৈঠক শেষ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, ডিভিশনাল ওয়ার্কসপে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও Upazila Development Facilitator উপস্থিতিতে প্রশিক্ষণ হবে। Webportel ও সভার উন্নতি হয়। প্রশিক্ষণে ঢাকায় অবস্থান করছেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বোরো সংগ্রহ মৌসুম চলছে। ২৪ এপ্রিল ২০২৫ হতে আগস্ট ২০২৫ পর্যন্ত ও সংগ্রহ অভিযান চলবে। সংগ্রহ লক্ষ্যমাত্রা ১১২০ মেঃটন। বাণিজ্য মন্ত্রণালয় অনুমতি প্রদান না করায় টিসিবি'র পণ্যের সাথে চাল দেয়া যাচ্ছে না। তবে অনুমতি পেলে আবারও চাল দেয়া হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্ত সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫ বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন ০৭টি ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশগণের ( দফাদার ও মহল্লাদার ) ফেব্রুয়ারি হতে মে ২০২৫ পর্যন্ত (চার) মাসের বকেয়া বেতনভাতা, নববর্ষভাতা, ২টি উৎসব ভাতা এবং থানায় যাতায়াত ভাতা বাবদ=১৫,৭২,৩৫০/-(পনেরোলক্ষ বায়াত্তরহাজার দুইশত) টাকার প্রয়োজন। কিন্তু সোনালী ব্যাংক লিঃ, বিরামপুর শাখার ইউনিয়ন পরিষদ হিসাব নম্বর ১৮০৪০০১০০৯০৪৬-তে মাত্র ৪,৫২,২০০/- টাকা জমা রয়েছে। চাহিদা মোতাবেক অপ্রতুল হওয়ায় বকেয়া পরিশোধ করা সম্ভব হচ্ছে না।<br>উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা ম্যানুয়াল ২০২০ এর ৪ অনুচ্ছেদে " উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা, ২০২০ তে নির্দেশিত ব্যয়সীমার অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন হলে অথবা বর্ণিত (ক্রমিক নং-৩ এর ক-ম) পর্যন্ত খাতের বাহিরে অন্য খাতে ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে প্রয়োজনীয় কাগজপত্র এবং উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরন করতে হবে" মর্মে উল্লেখ রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে সোনালী ব্যাংক লিঃ, বিরামপুর শাখার ১৮০৪০০১০০৯০৪৬ ইউনিয়ন পরিষদ হিসাব নম্বরে জমাকৃত ৪,৫২,২০০/- টাকা বাদে (২০,২৪,৫৫০-৪,৫২,২০০)=১৫,৭২,৩৫০/-(পনেরোলক্ষ বায়াত্তরহাজার দুইশত) টাকা ইউপি অংশের ৪ মাসের বকেয়া বেতনভাতা, নববর্ষভাতা, ২টি উৎসব ভাতা এবং থানায় যাতায়াত ভাতা হাট বাজারের ৪১% হতে ব্যয়/পরিশোধের প্রস্তাব অনুমোদন গ্রহণ আবশ্যক হেতু প্রস্তাব পেশ করেন। | বিস্তারিত আলোচনা সাপেক্ষে =১৫,৭২,৩৫০/-(পনেরোলক্ষ বায়াত্তরহাজার দুইশত) টাকা ইউপি অংশের ৪ মাসের বকেয়া বেতনভাতা, নববর্ষভাতা, ২টি উৎসব ভাতা এবং থানায় যাতায়াত ভাতা হাট বাজারের ৪১% হতে ব্যয়/পরিশোধের প্রস্তাব স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও পশাসক, বিরামপুর, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও পশাসক বিরামপুর, দিনাজপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | উপজেলা প্রকৌশলী, বিরামপুর বলেন যে, নন-গেজেটেড কোয়ার্টার নং-খ-৪ ও ঘ-৩ (নীচতলা) এর বাসার পানির মোটর ক্রয় ও স্থাপন, পানির লাইন মেরামত এবং সোকওয়েল ইত্যাদি মেরামত/সংস্কার করা প্রয়োজন। তিনি কোয়ার্টারটির সংস্কার/মেরামত করার জন্য নিম্নবর্ণিত প্রকল্প অনুমোদন ও প্রকল্প কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>**১. প্রকল্পের নামঃ নন-গেজেটেড কোয়ার্টার নং-খ-৪ ও ঘ-৩ (নীচতলা) এর বাসার পানির মোটর ক্রয় ও স্থাপন, পানির লাইন মেরামত এবং সোকওয়েল মেরামত/সংস্কার প্রকল্প।**<br>**এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।**<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ মোজাম্মেল হক,সদস্য,পলিপ্রয়াগপুর ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোঃ মইনুল হক, সদস্য, কাটলা ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ দেলোয়ার হোসেন, সদস্য, কাটলা ইউপি- সদস্য<br>৪. মোঃ রায়হান কবীর, সদস্য, খানপুর ইউপি- সদস্য<br>৫. মোছাঃ ফেন্সিয়ারা বেগম , সদস্যা, দিওড় ইউপি- সদস্য<br>সংস্কার/মেরামত কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিতপ্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | ক. উপজেলা প্রকৌশলী, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত প্রকল্প কমিটি অনুমোদনপূর্বক এর মাধ্যমে দ্রুত বর্ণিত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩(ক) অনুচ্ছেদ " উপজেলা পরিষদ ভবন, ও বাসাবাড়ি মেরামত/ সংরক্ষণ/ রংকরণ খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করেন। | |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**মার্চ/২০২৫ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর মার্চ/২৫ মাসের ৩০দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৪,৩০০+১৪,৩০০=২৮,৬০০/-) এবং ইদ-ইল-ফিতরের উৎসব ভাতা প্রদান (৮,২৫০+৮,২৫০=১৬,৫০০) | =২৮,৬০০/-<br>=১৬,৫০০ |
| ০২ | মার্চ/২০২৫ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৩ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৪ | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন ব্যয় বাবদ প্রদান।<br>(ভ্যাট ও আয়করসহ)[২১,৮৭৫+১,৮৭৫+১,২৫০=২৫,০০০/-] | =২৫,০০০/- |
| ০৫ | প্রোঃ/ম্যানেজার, মেসার্স শর্মিলী ফিলিং স্টেমন, ফুলাড়িকে ফেব্রুয়ারি ২০২৫ ও মার্চ ২০২৫ মাসের (৯,৬১৫+৪৮১=১০,০৯৬/-)ও মার্চ ২০২৫ মাসের জ্বালানী তেলের বিল পরিশোধ বাদ প্রদান। (৬,৩৩৫+৩১৭=৬,৬৫২/-) | =১০০৯৬/-<br>=৬,৬৫২/- |
| ০৬ | বিআরডিবি জোড়াবাড়ির অক্টোবর-ডিসেম্বর/২০২৪ পর্যন্ত এবং জানুয়ারি ও ফেব্রুয়ারি ২০২৫সহ মোট ৫ মাসের জোড়াবাড়ির ভাড়া অবিনিময়ে চেকের মাধ্যমে পরিশোধ বাবদ প্রদান (৪০০০X৫=২০,০০০/-) | =২০,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর,দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৪/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

## পরিশিষ্ট "গ"

### ২০২৪-২৫ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি/রাজস্ব) এর আওতায় গৃহীত প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | টাকার পরিমান | বাস্তবায়নের ধরণ | উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | বেনীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এক কক্ষ বিশিষ্ট টিনশেড টয়লেট নির্মাণকরন। | শিক্ষা | ১০০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ২ | কেশবপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয় সংস্কারকরণ। | শিক্ষা | ২০০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ৩ | চাকুল মেইনরোড হইতে চাকুল জামে মসজিদ অভিমুখে রাস্তা সিসিকরন। | পরিবহন | ৫০০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ৪ | দিওর শৌলা উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন ও সংস্কার কাজ। | শিক্ষা | ৩০০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ৫ | কাটলা উচ্চ বিদ্যালয়ের টয়লেট নির্মাণ | শিক্ষা | ১৫০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ৬ | ভবানীপুর দাখিল মাদ্রাসার ছাত্রীদের ওয়াশরুম সংস্কারকরণ। | শিক্ষা | ১০০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ৭ | কাদিপুর কবর স্থানের পাশে পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণ। | পরিবহন | ২০০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ৮ | দক্ষিণ সাহাবাজপুর দারুল হাদিস ইসলামিয়া হাফেজিয়া মাদ্রাসা ও এতিমখানা লিল্লাহ বোর্ডিং সংস্কার। | শিক্ষা | ২০০০০০.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ৯ | চাপড়া আব্দুর রশিদের বাড়ির সামনে পাকার মাথা হইতে দক্ষিণ পাড়া বক্করের বাড়ি অভিমুখে রাস্তা সিসিকরণ। | পরিবহন | ৩১৮০৪২.০০ | টেন্ডার | রাজস্ব | |
| ১০ | দরিদ্র ছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ। | নারী উন্নয়ন | ৮৭০২১.০০ | আরএফকিউ | রাজস্ব | |
| ১১ | প্রকল্প তদারকি ও আনুসাজ্ঞিক | বিবিধ | ৪৪১৫৩.০০ | আরএফকিউ | রাজস্ব | |
| ১২ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের স্যানেটারি ন্যাপকিন সরবরাহকরণ। | স্বাস্থ্য | ২০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ১৩ | বিভিন্ন ইউনিয়নে হৃতদরিদ্রদের মাঝে সেলাই মেশিন সরবরাহ। | নারী উন্নয়ন | ২০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ১৪ | ৫ নং বিনাইল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রতে স্বাভাবিক প্রসব সেবা জোরদার করার নিমিত্তে প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহকরণ। | স্বাস্থ্য | ১৪৪০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ১৫ | বিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলা সামগ্রী (ক্রিকেট, ভলিবল, ফুটবল) বিতরণ। | শিক্ষা | ২০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ১৬ | জোতবানী গ্রামের সুজনের বাড়ি হইতে কবরস্থান হয়ে আশরাফুলের পুকুর অভিমুখে ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ১৭ | নটকুমারী নতুন হাফিজিয়া মাদ্রাসার পাশে গাইডওয়াল নির্মান। | পরিবহন | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১৮ | এডিপি কাজ বাস্তবায়নে প্রয়োজনীয় সরঞ্জাম ক্রয় | বিবিধ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১৯ | রূপনগর আদর্শ গ্রাম মকতব ঘর নির্মাণকরণ। (টিন সরবরাহ) | শিক্ষা | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ২০ | বিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে টবসহ গাছের চারা বিতরণ। | কৃষি | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ২১ | বিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের দরিদ্র নারী ও শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ। | নারী উন্নয়ন | ২৩০০০০.০০ | আর এফ কিউ | এডিপি | |
| ২২ | ৬ নং জোতবানি ইউনিয়নের উত্তর হরিরামপুর (তিলনা) গ্রামের কুচমাইর এর বাড়ি হইতে ওবায়দুলের বাড়ির মসজিদ অভিমুখে বিদ্যমান কাঁচা রাস্তা সিসিকরণ। | পরিবহন | ২৯৬১৯০.০০ | টেন্ডার | এডিপি | |
| ২৩ | প্রকল্প ও তদারকি ও আনুসজ্ঞিক | বিবিধ | ১১৭০০০.০০ | আরএফ কিউ | এডিপি | |
| ২৪ | মুকুন্দপুর ইউনিয়নে ০৪ নং ওয়ার্ড হরেকৃষ্ণপুর ইসলামপাড়া মমিনের বাড়ি হতে ইকবালের বাড়ি অভিমুখে ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ২৫ | ০৬ নং ওয়ার্ড দঃ মুকুন্দপুর কফিল উদ্দিনের বাড়ি হইতে গোলাপের বাড়ি অভিমুখে ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ২৬ | ০৭ নং ওয়ার্ড উড়ুম্বা রুকোনুজ্জামান এর বাড়ি হইতে রেজাউলের বাড়ি অভিমুখে ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ২৭ | ০৩ নং ওয়ার্ড বুজরুক গঙ্গাপুর বাবুর বাড়ি হইতে পশ্চিম দিকে চিচির অভিমুখে ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | টাকার পরিমান | বাস্তবায়নের ধরণ | উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২৮ | পলিখাপুর এনায়েত উল্লাহ, কায়েছ উদ্দিন ও আ: মতিনের পুকুরে গাইডওয়াল নির্মাণ। (২৭+২৫+১৮)=৭০ মিটার। | পরিবহন | ৩০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ২৯ | মুকুন্দপুর ইউপি হতে জোতবানি রাস্তায় পুকুরের ধারে গাইডওয়াল নির্মাণ। | পরিবহন | ১১৬০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩০ | কাটলা ইউনিয়নের বিভিন্ন স্থানে পানি নিষ্কাশনের জন্য ডায়ারিং সরবরাহ। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ৩১ | ০৯ নং ওয়ার্ড পলিখিয়ার মাহমুদপুর আরিফুলের বাড়ির সামনে পুরাতন ড্রেনের মাথা হতে ফরিদুলের বাড়ি অভিমুখে স্লাবসহ ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩২ | ০২ দঃ হরিরামপুর উজ্জল এর বাড়ির পার্শ্বে পুরাতন ড্রেনের মাথা হতে পশ্চিম দিকে সাধনের বাড়ির পশ্চিম পার্শ্বে ডোবা অভিমুখে স্লাবসহ ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩৩ | চকনদেব মকছেদ চেয়ারম্যানের পুকুর পাড়ের দক্ষিণ পাশ থেকে উত্তর দাউদপুর হিন্দুপাড়া অভিমুখে রাস্তা সিসিকরণ। | পরিবহন | ৪০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩৪ | খানপুর ইউনিয়নে বিভিন্ন স্থানে পানি নিষ্কাশনের জন্য ডায়ারিং সরবরাহ। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ৩৫ | চেংমারি ফুলচানের বাড়ির পাশের পাকা রাস্তার মাথা হতে দক্ষিনে পোড়াগ্রাম বাজার অভিমুখে রাস্তা সিসিকরণ | পরিবহন | ৩৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩৬ | ঝগড়ুপাড়া জামে মসজিদ হতে রায়হানের বাড়ীর পাকা রাস্তা অভিমুখে সিসি ঢালাই। | পরিবহন | ৩৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩৭ | ৪ নং দিওড় ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের সামনে বটগাছের গোড়ায় জনসাধারণের বিশ্রামের জন্য পাটাতন নির্মাণ। | পরিবহন | ১৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩৮ | কোচগ্রাম সিসি রাস্তার মাথা হইতে (অসম্পূর্ণ অংশ) শামসুনের বাড়ি অভিমুখে রাস্তা নির্মাণ। | পরিবহন | ৫৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৩৯ | দিওড় গ্রামের মধ্যপাড়া জামে মসজিদ রাস্তায় নিয়ামুলের পুকুরে প্যালাসাইডিং নির্মাণ। | পরিবহন | ২০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৪০ | দিওড় ইউনিয়নে পশ্চিম বৈদাহার তোজাম্মেলর জমি হইতে মামুনের পুকুর অভিমুখে ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ৪১ | ৭ নং ওয়ার্ড রামকৃষ্ণপুর উঃ পাড়া জাহিদুলের বাড়ি হতে হাছুর বাড়ি অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ৩০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৪২ | ৫ নং ওয়ার্ড করমপুর আদিবাসি পাড়া চুড়কির বাড়ি হইতে পাশ্চিমে মাঠের বয়ানের জমি অভিমুখে পাকা ড্রেন নির্মান। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৪৩ | ৮ নং ওয়ার্ড হামলাকুড়ি মনছুরের বাড়ি থেকে পূর্বদিকে বুড়া পুকুরের কোনা অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৪৪ | বিনাইল ইউনিয়নের জন্য ডায়ারিং নির্মাণ। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ৪৫ | ১ নং ওয়ার্ড একইর মৌজায় বুবেল চৌধুরীর পুকুর ধারে গাইড ওয়াল নির্মাণ। | পরিবহন | ৩০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৪৬ | ৫ নং ওয়ার্ড জোতমাধব মৌজায় ভাংগায় মোয়াজ্জেমের জমি সংলগ্ন রাস্তায় ১টি ইউ ড্রেন নির্মাণ। | পরিবহন | ২৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৪৭ | ৪ নং ওয়ার্ড চাকুল মৌজায় রহমতের পুকুর ধারে গাইড ওয়াল নির্মাণ। | পরিবহন | ১৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৪৮ | জোতবানী ইউনিয়নে ৪ নং ওয়ার্ড পাতাহাট মৌজায় রইচ উদ্দিনের বাড়ি হতে মুকবুলের খুলি অভিমুখে ড্রেন নির্মাণ। | পরিবহন | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ৪৯ | ২ নং ওয়ার্ড দূর্গাপুর সিসি রাস্তা হইতে পূর্ব দিকে বটতলা অভিমুখে রাস্তা সিসিকরণ। | পরিবহন | ৩০০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৫০ | ৯নং ওয়ার্ড জোতজয়রাম বট তলার পাকা রাস্তা হইতে দক্ষিণ দিকে শহিদুলের বাড়ির অভিমুখে রাস্তা সিসি করন। | পরিবহন | ২৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৫১ | ৭ নং ওয়ার্ড চকবসন্ত সোটাপীর কাচারীর ভুলুর দোকান হইতে আনোয়ারের দোকান অভিমুখে ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১৫০০০০.০০ | টেন্ডার | এডিপি | |
| ৫২ | পলিপ্রয়াগপুর ইউনিয়নে বিভিন্ন জায়গায় পানি নিঃস্কাশনের জন্য ১-০ ডায়ারিং তৈরী ও সরবরাহকরণ। | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |

## প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | টাকার পরিমান | বাস্তবায়নের ধরণ | উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের স্যানেটারি ন্যাপকিন সরবরাহকরণ।<br>ক) পারুল বেগম, কাটলা ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোছাঃ আরিফুননা, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) সুলতানা পারভিন, মুকুন্দপুর ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোছাঃ বিউটি আরা বেগম, বিনাইল ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোছাঃ শাকিলা বেগম, বিনাইল ইউপি সদস্য, প্রকল্প সদস্য | স্বাস্থ্য | ২০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ০২ | বিভিন্ন ইউনিয়নে হুতদরিদ্রদের মাঝে সেলাইমেশিন সরবরাহ।<br>ক) মোঃ মুক্তার হোসেন, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোঃ একলাছুর রহমান, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোছাঃ ফেন্সিয়ারা, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ আজগার আলী, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ আন্তাজ আলী মন্ডল, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সদস্য | নারী উন্নয়ন | ২০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ০৩ | ৫ নং বিনাইল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রতে স্বাভাবিক প্রসব সেবা জোরদার করার নিমেত্তে প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহকরণ।<br>ক) মোঃ জামাল উদ্দিন, বিনাইল ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) তোফাজ্জল হোসেন, গণ্যমান্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) জয়নাল আবেদীন, সমাজসেবক, প্রকল্প সদস্য<br>ঘ) রবিউল কাজী, সমাজসেবক, প্রকল্প সদস্য<br>ঙ) আলমীর হোসেন, সমাজসেবক, প্রকল্প সদস্য | স্বাস্থ্য | ১৪৪০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ০৪ | বিরামপুর উপজেলার বিভিন্ন খেলা সামগ্রী (ক্রিকেট, ভলিবল, ফুটবল) বিতরণ।<br>ক) মোঃ আবুল কালাম আজাদ, মুকুন্দপুর ইউপি চেয়ারম্যান- প্রকল্প সভাপতি<br>খ) মোঃ আব্দুল হালিম, মুকুন্দপুর ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোছাঃ ইসমোতারা, মুকুন্দপুর ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ হাবিবুর রহমান, মুকুন্দপুর ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ তোজম্মেল হক, মুকুন্দপুর ইউপি সদস্য, প্রকল্প সদস্য | শিক্ষা | ২০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ০৫ | জোতবানী গ্রামের সুজনের বাড়ি হইতে কবরস্থান হয়ে আশরাফুলের পুকুর অভিমুখে ড্রেন নির্মাণ।<br>ক) মোঃ কাওছার আজম, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোঃ সাজেদুর রহমান, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোছাঃ রাফিয়া, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঘ) শ্রী নিরেন, আনছার, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ আব্দুর রকিব, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>চ) মোঃ ফারুক হোসেন, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ছ) মোঃ আইজুল ইসলাম, গণ্যমান্য, প্রকল্প সদস্য | কৃষি ও সেচ | ১০০০০০.০০ | পিআইসি | রাজস্ব | |
| ০৬ | নটকুমারী নতুন হাফিজিয়া মাদ্রাসার পাশে গাইড ওয়াল নির্মান।<br>ক) ফ্লাবিয়াস হেম্স্রম, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) শ্রীমতি শীতলী পাহান, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ তফির উদ্দিন, খানপুর ইউপি সদস্য প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ আইয়ুব আলী, ইমাম, প্রকল্প সদস্য<br>ঙ) মোছাঃ মাছুরা বেগম, শিক্ষক, প্রকল্প সদস্য<br>চ) মোঃ আব্দুর রহিম, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ছ) পাত্রাস বাস্কে, সমাজসেবক, প্রকল্প সদস্য | পরিবহন | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ০৭ | এডিপি কাজ বাস্তবায়নে প্রয়োজনীয় সরঞ্জাম ক্রয়।<br>ক) মোঃ জামাল উদ্দিন, বিনাইল ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোঃ রেজাউল, বিনাইল ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ এতামুল হক বাজী, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ জয়নাল আবেদীন, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ ফয়েজ উদ্দিন, সমাজসেবক, প্রকল্প সদস্য<br>চ) মোঃ মামুনুর রশীদ, শিক্ষক, প্রকল্প সদস্য<br>ছ) মোঃ গোলাম মোস্তফা, সমাজসেবক, প্রকল্প সদস্য | বিবিধ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | টাকার পরিমান | বাস্তবায়নের ধরণ | উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৮ | রূপনগর আদর্শ গ্রাম মকতব ঘর নির্মাণকরণ। (টিন সরবরাহ)<br>ক) শ্রীমতি শীতলী পাহান, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) ফ্লাবিয়াস হেম্ব্রম, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ তফির উদ্দিন, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ আইয়ুব আলী, ইমাম, প্রকল্প সদস্য<br>ঙ) মোছাঃ মাছুরা বেগম, শিক্ষক, প্রকল্প সদস্য<br>চ) মোঃ আব্দুর রহিম, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ছ) পাত্রাস বাস্কে, সমাজসেবক, প্রকল্প সদস্য | শিক্ষা | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ০৯ | বিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে টব সহ গাছের চারা বিতরণ।<br>ক) আব্দুর রাজ্জাক, জোতবানী ইউপি চেয়ারম্যান, প্রকল্প সভাপতি<br>খ) মোঃ নূরনবী মন্ডল, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোছাঃ রাফিয়া, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ সাজেদুর রহমা, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ কাওছার আজম, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সদস্য | কৃষি | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১০ | মুকুন্দপুর ইউনিয়নে ০৪ নং ওয়ার্ড হরেকৃষ্ণপুর ইসলাম পাড়া মমিনের বাড়ি হইতে ইকবালের বাড়ি অভিমুখে ড্রেন নির্মাণ।<br>ক) মোছা ইসমতারা বেগম,মুকুন্দপুর ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোঃ এখলাছুর রহমান, গণ্যমান্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ মজনুর রহমান, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ মমিনুর রহমান, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ আব্দুল আউয়াল, ইমাম, প্রকল্প সদস্য | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১১ | কাটলা ইউনিয়নে বিভিন্ন স্থানে পানি নিষ্কাশনের জন্য ডায়ারিং সরবরাহ।<br>ক) মোছাঃ পারুল, কাটলা ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোঃ সাজেদুল ইসলাম,কাটলা ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোছাঃ কামরুন্নাহার, শিক্ষক, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ সেলিম, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোছাঃ শাহানাজ পারভীন, গণ্যমান্য প্রকল্প সদস্য<br>চ) মোঃ নজির হোসেন, মুক্তিযোদ্ধা, প্রকল্প সদস্য<br>ছ) মোঃ রেজায়ানুল ইসলাম, ইমাম, প্রকল্প সদস্য | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১২ | খানপুর ইউনিয়নে বিভিন্ন স্থানে পানি নিষ্কাশনের জন্য ডায়ারিং সরবরাহ।<br>ক) শ্রীমতি শীতলী পাহান, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোঃ তফির উদ্দিন, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ আকবর আলী, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ আইয়ুব আলী, ইমাম, প্রকল্প সদস্য<br>ঙ) মোছাঃ মাছুরা বেগম, শিক্ষক, প্রকল্প সদস্য<br>চ) মোঃ আব্দুর রহিম, গণ্যমান্য প্রকল্প সদস্য<br>ছ) পাত্রাস বাস্কে, সমাজসেবক, প্রকল্প সদস্য | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১৩ | দিওড় ইউনিয়নে পশ্চিম বৈদাহার তোজাম্মেলর জমি হইতে মামুনের পুকুর অভিমুখে ড্রেন নির্মাণ।<br>ক) মোঃ মোক্তার হোসেন, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোছাঃ নাছিমুচ ছাফা, দিওড় ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ শফিকুল আলম, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ আশরাফুল ইসলাম, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ ইসরাফিল, শিক্ষক, প্রকল্প সদস্য<br>চ) মোঃ সাহারা বেগম, সমাজকর্মী, প্রকল্প সদস্য<br>ছ) মোঃ তোশারফ হোসেন, সমাজকসেবক, প্রকল্প সদস্য | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১৪ | বিনাইল ইউনিয়নে ডায়ারিং নির্মাণ।<br>ক) মোঃ জামাল উদ্দিন, বিনাইল ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোছাঃ বিউটি আরা বেগম, বিনাইল ইউপি সদস্য- প্রকল্প সেক্রেটারি<br>গ) তোফাজ্জল হোসেন, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঘ) জয়নাল আবেদীন, সমাজসেবক, প্রকল্প সদস্য<br>ঙ) রবিউল কাজী, সমাজসেবক, প্রকল্প সদস্য<br>চ) আলমগীর হোসেন, সমাজসেবক, প্রকল্প সদস্য<br>ছ) মোঃ রেদোয়ান হোসেন, ইমাম, প্রকল্প সদস্য | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | টাকার পরিমান | বাস্তবায়নের ধরণ | উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | জোতবানী ইউনিয়নে ৪ নং ওয়ার্ড পাতাহাট মৌজায় রইচ উদ্দিনের বাড়ি হতে মুকবুলের খুলি অভিমুখে ড্রেন নির্মাণ।<br>ক) মোঃ আব্দুর রাজ্জাক মন্ডল, জোতবানী ইউপি চেয়ারম্যান-প্রকল্প সভাপতি<br>খ) মোঃ সাজেদুর রহমান, জোতবানী ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ মকবুল হোসেন, সমাজসেবক, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ ওয়াকিল বিপ্লব, আনসার, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ কামরুজ্জামান, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>চ) মোঃ তহিদুল ইসলাম, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ছ) মোঃ মনছুর রহমান, ইমাম, প্রকল্প সদস্য | পরিবহন | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |
| ১৬ | পলিপ্রয়াগপুর ইউনিয়নে বিভিন্ন জায়গায় পানি নিঃস্কাশনের জন্য ১-০ ডায়ারিং তৈরী ও সরবরাহ করণ।<br>ক) মোঃ মুকুল হোসেন, পলিপ্রয়াগপুর ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>খ) মোছাঃ শাম্মী আকতার, পলিপ্রয়াগপুর ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>গ) মোঃ আফজাল হোসেন, গণ্যমান্য, প্রকল্প সদস্য<br>ঘ) মোঃ বাবুল হোসেন, সমাজ সেবক, প্রকল্প সদস্য<br>ঙ) মোঃ সফিকুল ইসলাম, সমাজ সেবক, প্রকল্প সদস্য<br>চ) মোঃ এয়াকুব আলী, সমাজ সেবক, প্রকল্প সদস্য<br>ছ) মোঃ আব্দুস সাত্তার, ইমাম, প্রকল্প সদস্য | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | পিআইসি | এডিপি | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৩৬৬/১(৪৫)　　　　তারিখঃ ১৩.০৫.২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।

০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।

০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৭. উপজেলা.......................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

০৮. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

০৯. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৩/০৫/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd